



ইরান পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠকে যুক্তরাজ্য সরকার



প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। ছবি: সংগৃহীত

ইরান যুদ্ধের প্রভাব নিয়ে জরুরি বৈঠকের আয়োজন করেছে যুক্তরাজ্য। দেশটির প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার এ বৈঠকে সভাপতিত্ব করবেন। বৈঠকটি আগামীকাল মঙ্গলবার (২৮ এপ্রিল) অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

সোমবার (২৭ এপ্রিল) ইরান ইন্টারন্যাশনাল-এর প্রতিবেদনে জানানো হয়, সংকট পরিস্থিতি মোকাবিলায় যুক্তরাজ্য সরকার এই জরুরি প্রতিক্রিয়া কমিটির বৈঠক আহ্বান করেছে।

প্রধানমন্ত্রী স্টারমার ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের উদ্দেশে দেওয়া বক্তব্যে বলেন, “আগামীকাল আমি কোবরা বৈঠকে সভাপতিত্ব করব। সেখানে ব্যাংক অব ইংল্যান্ডের প্রতিনিধিরাও উপস্থিত থাকবেন।” তার ভাষায়, সংকটে কর্মজীবী মানুষের পাশে দাঁড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নির্ধারণ করতেই এই বৈঠক করা হচ্ছে।

এদিকে ইরানের জাঞ্জান প্রদেশে বড় ধরনের বিস্ফোরক ঝুঁকি শনাক্তের খবর দিয়েছে তাসনিম নিউজ। দেশটির ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) সেখানে বিপুল পরিমাণ অবিস্ফোরিত বোমা ও ক্ষেপণাস্ত্র উদ্ধার করে নিষ্ক্রিয় করেছে।

আইআরজিসি জানায়, উদ্ধার হওয়া বিস্ফোরকের মধ্যে ২ হাজার পাউন্ড ওজনের তিনটি বাংকার বিধ্বংসী বোমাও রয়েছে, যা বড় ধরনের বিপদের কারণ হতে পারত।